# ALL INDIA RADIO, SILCHAR

******************

## <u>EVENING BULLETIN</u> : <u>BENGALI</u>

## Date: - 13-07-2024

## *Time: 19:45-19:55 Hrs*

---------------------------------------

১) কেন্দ্রীয় সরকার দেশের সীমান্ত অঞ্চলের উন্নয়নের মাধ্যমে ঐসব অঞ্চলের থেকে প্রব্রজন হ্রাসের পাশাপাশি স্থানীয় লোকেদের উৎপাদিত সামগ্রী ক্রয়ের ক্ষেত্রে উৎসাহিত করতে ভাইব্রেন্ট ভিলেজ কার্যসূচী রূপায়ণ করছে বলে কেন্দ্রীয় মন্ত্রী অমিত শাহ্‌র প্রকাশ/

(২) কেন্দ্রীয় উত্তর-পূর্ব উন্নয়ন দপ্তরের মন্ত্রী জ্যোতিরাদিত্য সিন্ধিয়ার আজ মুখ্যমন্ত্রী ডক্টর হিমন্তবিশ্ব শর্মার সঙ্গে আসামের পরিকাঠামো উন্নয়নের বিষয় নিয়ে আলোচনা ।

(৩) আসাম কন্যা যুব বিজ্ঞানী বৃন্দা কাশ্যপের ২০২৪ সালের ইউনেস্কো'র ম্যান এন্ড বায়ো-ডাইর্ভাসিটি ইয়াং সায়েন্টিস্ট পুরস্কার লাভ/

এবং

(৪) ২০২৬ সালের প্যারা এশিয়ান গেম্‌স এবং ২০২৮ সালের প্যারা অলিম্পিকের প্রস্তুতির কারণে আসাম প্যারা অলিম্পিক সংস্থার বিশেষ অনুশীলন কার্যসূচীর আয়োজন/

---------------------------------------------------------------------------

কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ ভাইব্রেন্ট ভিলেজ কার্যসূচি রূপায়ণ নিয়ে পর্যালোচনা করতে আজ নতুন দিল্লীতে একটি উচ্চ পর্যায়ের বৈঠকে মিলিত হয়েছেন । বৈঠকে আংশগ্রহণ করে শ্রী শাহ্ বলেন যে- প্রধানমন্ত্রী নরেন্দ্র

মোদীর পৌরহিত্যে কেন্দ্রীয় সরকার সীমান্ত অঞ্চলের গ্রামগুলির সর্বাঙ্গীন উন্নয়নে বদ্ধপরিকর । তিনি বলেন যে- ঐ অঞ্চলের স্থানীয় বাসিন্দাদের কর্মসংস্থানের সুবিধা প্রদান করা ছাড়াও গ্রামগুলির মধ্যে যোগাযোগ ব্যবস্থা উন্নত করার উপরও গুরুত্ব আরোপ করা হয়েছে । এধরণের ব্যবস্থা গ্রহণের ফলে সীমান্ত অঞ্চলের গ্রামগুলির থেকে প্রব্রজন হ্রাস পাবে বলেও কেন্দ্রীয় মন্ত্রী আশা প্রকাশ করেছেন । তিনি বলেন যে- এই গ্রামগুলিতে নিয়োজিত সেনা বাহিনী এবং কেন্দ্রীয় সশস্ত্র পুলিশ বাহিনীর লোকেদের জনসাধারণকে স্থানীয় কৃষি সামগ্রী এবং সমবায়ের মাধ্যমে হস্তশিল্পজাত সামগ্রীগুলি ক্রয় করার ক্ষেত্রে উৎসাহিত করা উচিত । এছাড়া এই বাহিনীগুলির জন্য বরাদ্দ স্বাস্থ্যসেবার সুবিধা পার্শ্ববর্তী গ্রামগুলির জনসাধারণের জন্যেও প্রদান করা উচিত বলে তিনি উল্লেখ করেন । শ্রি শাহ্ বলেন যে- এই গ্রামগুলিতে কর্মসংস্থানের সুযোগ সৃষ্টির জন্য কেন্দ্রীয় সরকার ছশোটিরও বেশি প্রকল্পে অনুমোদন জানিয়েছে । এই কার্যসূচীর অধীনে ১৩৬টি সীমান্তবর্তী গ্রামে ১১৩টি সবধরণের আবহাওয়া উপযোগী সড়ক নির্মাণ প্রকল্প নির্মাণের কথাও তিনি বলেছেন ।

কেন্দ্রীয় স্বরাষ্ট্র সচিব অজয় ভাল্লা এবং মন্ত্রনালয়ের অন্যান্য প্রবীন আধিকারিকরাও ওই বৈঠকে যোগ দিয়েছিলেন । এই কার্যসূচির অধীনে উত্তর-পূর্বাঞ্চলের দুটি রাজ্য অরুণাচল প্রদেশ ও সিকিম সহ হিমাচল প্রদেশ , উত্তরাখন্ড এবং লাদাখের মোট ১৯টি জেলার ৪৬টি উন্নয়ন খন্ডকে নির্বাচিত করা হয়েছে । এই ১৯টি জেলার ৪৬টি উন্নয়ন খন্ডকে উন্নত করে গড়ে তোলতে কেন্দ্রীয় সরকারের পক্ষ থেকে কার্যসূচি গ্রহণ করা হয়েছে । এই কার্যসূচির মূল লক্ষ্য হচ্ছে জনসাধারণের জীবন ধারণের মানদন্ড উন্নত করা এবং অবৈধ প্রবেশ রোধ করা । এছাড়াও এই কার্যসূচির অধীনে কৃষি , উদ্যানশষ্য এবং সাংস্কৃতিক ঐতিহ্য , দক্ষতা বিকাশ ও শিল্প প্রতিষ্ঠানের প্রসার করে জীবিকার নতুন সুযোগ সৃষ্টি করতে পরিকল্পনা গ্রহণ করা হয়েছে।

---------------------------------------------------------------------------

কেন্দ্রীয় উত্তর-পূর্ব উন্নয়ন ( ডোনার ) মন্ত্রী জ্যোতিরাদিত্য সিন্ধিয়া দুদিনব্যাপী আসাম ও মেঘালয় সফরে এসে আজ গৌহাটিতে মুখ্যমন্ত্রী ডক্টর হিমন্তবিশ্ব

শর্মার সঙ্গে এক বৈঠকে মিলিত হন । ফোর-জি তথা ফাইব-জি এবং উচ্চ গতিসম্পন্ন ইন্টারনেট সেবা বৃদ্ধি করে আসামে ডিজিট্যাল পরিকাঠামো উন্নত করা , টেলিকম পরিকাঠামো সেবার জন্য দক্ষ মানব সম্পদ বিকশিত করার পথ প্রশস্ত করা , বন্যাপীড়িত এলাকায় নেটওয়ার্ক দ্রুত গতিতে পুনর সংযোগ প্রক্রিয়া তরান্বিত করা সহ অন্যান্য আধুনিক প্রযুক্তির বিষয় নিয়ে উভয়ের মধ্যে আলোচনা অনুষ্ঠিত হয় । এছাড়াও , উত্তর-পূর্ব পরিষদের সঙ্গে উন্নত সমন্বয় এবং ডোনার মন্ত্রনালয়ের অনুমোদিত প্রকল্প সমূহ দ্রুত রূপায়নের বিষয় নিয়েও কেন্দ্রীয় মন্ত্রী মুখ্যমন্ত্রীর সঙ্গে বিস্তারিত আলোচনা করেছেন ।

---------------------------------------------------------------------------

সাতটি রাজ্যের তেরোটি বিধানসভা আসনের জন্যে গত দশ জুলাই অনুষ্ঠিত উপনির্বাচনে কংগ্রেস ও তৃণমূল কংগ্রেস চারটি করে আসনে জয়লাভ করেছে । এছাড়া বিজেপি দুটি এবং আম আদমি পার্টি ও ডি এম কে একটি করে আসন দখল করতে সমর্থ হয়েছে । উল্লেখ্য- সম্প্রতি অনুষ্ঠিত লোকসভা নির্বাচনে ঐ কেন্দ্রগুলির বিধায়করা সাংসদ পদে নির্বাচিত হওয়ায় আসনগুলিতে উপনির্বাচনের প্রয়োজন দেখা দিয়েছে ।

---------------------------------------------------------------------------

আসাম কন্যা যুব বিজ্ঞানী বৃন্দা কাশ্যপ ২০২৪ সালের জন্য ইউনোস্কোর ম্যান এন্ড বায়ডাইভারসিটি ইয়ং সাইন্টিষ্ট পুরষ্কার লাভ করে রাজ্যবাসীকে গৌরবান্বিত করেছেন । দেশের মধ্যে একমাত্র যুব বিজ্ঞানী হিসেবে এই সম্মান লাভ করা শ্রী কাশ্যপকে অভিনন্দন জ্ঞাপন করে মুখ্যমন্ত্রী ডক্টর হিমন্তবিশ্ব শর্মা সামাজিক মাধ্যম যোগে এই যুব বিজ্ঞানীর সফল ভবিষ্যতের জন্য শুভেচ্ছা জ্ঞাপন করেছেন । উল্লেখ্য যে ১৯৮৯ সালে প্রবর্তন করা ইউনেস্কোর এই পুরষ্কারে জৈব বৈচিত্র , প্রাকৃতিক সম্পদ এবং পরিবেশতন্ত্র বিষয় নিয়ে গবেষণারত বিজ্ঞানীদের উৎসাহিত করতে পুরষ্কার হিসেবে ৫ হাজার ইউ এস ডলারের গবেষণা সহায়তা প্রদান করা হচ্ছে ।

---------------------------------------------------------------------------

আবহাওয়া কিছুটা পরিষ্কার হওয়ার পরিপ্রেক্ষিতে রাজ্যের বিভিন্ন জেলায় বন্যার জল ক্রমে কমতে শুরু করলেও এখনো রাজ্যের ২৪টি জেলার প্রায় ১৪

লক্ষ লোক বন্যার কবলে রয়েছেন । ব্রহ্মপুত্র, বরাক সহ রাজ্যের বড় বড় নদীগুলির জলস্তর এখনো বিভিন্ন স্থানে বিপদসীমার উপরে রয়েছে । আসাম রাজ্য দুর্যোগ ব্যবস্থাপনা কর্তৃপক্ষের তথ্য অনুসারে এখনো রাজ্যের ৭৫টি রাজস্ব চক্রের দুহাজার ৪০৬টি গ্রামের বিস্তীর্ণ অঞ্চল বন্যার জলের নীচে রয়েছে । এই বন্যায় ৩৯ হাজার হেক্টরেরও বেশি কৃষিজমি ক্ষতিগ্রস্ত হয়েছে । এবারের বন্যায় রাজ্যে ৯০ জনের মৃত্যুর তথ্য পাওয়া গেছে । রাজ্যসরকারের স্থাপন করা ২৯৯টি আশ্রয় শিবিরে ৪১ হাজারেরও বেশি লোক আশ্রয় নিয়ে রয়েছেন। এন ডি আর এফ, এস ডি আর এফ, অগ্নিনির্বাপক বাহিনী, পুলিশ ও দুর্যোগ ব্যবস্থাপনা কর্তৃপক্ষের স্বেচ্ছাসেবকরা বন্যায় ক্ষতিগ্রস্ত অঞ্চলে উদ্ধার অভিযান অব্যাহত রেখেছেন ।

এদিকে বন্যায় হওয়া ক্ষয়ক্ষতির সঠিক মূল্যায়ন হওয়ার সঙ্গে সঙ্গে কেন্দ্রীয় সরকার আসামকে আর্থিক অনুদান প্রেরণ করবে বলে ইতিমধ্যে জানিয়েছে । বিভিন্ন জেলায় প্রশাসন বন্যার ক্ষয়ক্ষতি সম্পর্কে পর্যালোচনা অব্যাহত রেখেছে । এছাড়া বন্যায় ক্ষতিগ্রস্ত বিভিন্ন অঞ্চলে জলজীবন অভিযান-আসামের প্রকল্পগুলি কার্যকরী থাকার পরিপ্রেক্ষিতে জনসাধারণ বিশুদ্ধ পানীয় জল লাভ করতে সমর্থ হচ্ছেন । রাজ্যের জনস্বাস্থ্য কারিগরী মন্ত্রী জয়ন্তমল্ল বড়ুয়া এই বিষয়ে প্রকাশ করে বলেছেন যে- দুর্যোগের সময়ে জলজীবন অভিযানের কর্মচারীরা জনসাধারণকে পানীয় জল সরবরাহের জন্যে প্রচেষ্টা অব্যাহত রেখেছে । এখন পর্যন্ত রাজ্যের সাত হাজার গ্রামের ৫৭ লক্ষেরও বেশি লোক এই অভিযানের আওতায় ঘরে ঘরে পাইপ যোগে পানীয় জল লাভ করতে সমর্থ হয়েছে বলে মন্ত্রী শ্রী বড়ুয়া জানিয়েছেন ।

---

আসাম প্যারা অলিম্পিক সংস্থা ২০২৬ সালের প্যারা এসিয়ান গেমস এবং ২০২৮ সালের প্যারা অলিম্পিকের জন্য রাজ্যের খেলোয়াড়দের প্রস্তুত করে তোলার লক্ষ্যে প্রথম পর্যায়ের প্রস্তুতি শিবির আরম্ভ করার জন্য পদক্ষেপ গ্রহণ করেছে ।উল্লেখ্য যে বিগত দিনে আসাম প্যারা খেলোয়াড়রা বিভিন্ন ক্রীড়াক্ষেত্রে পারদর্শিতা প্রদর্শন করতে সক্ষম হয়েছে ।এই অনুসারে চীনে অনুষ্ঠিত প্যারা এসিয়ান গেমসে আনোয়ার সিকদার ভারতীয় সাঁতারু দলকে প্রতিনিধিত্ব

করেছিলেন ।ইটালিতে অনুষ্ঠিত বিশ্ব প্যারা চেম্পিয়ানশিপেও তিনি দেশের প্রতিনিধিত্ব করেন ।এদিকে আসামের প্যারা সাঁতারুদের জাতীয় তথা আন্তর্জাতিক ক্ষেত্রে সাফল্যের ধারাবাহিকতা বজায় রাখার জন্য সংস্থাটির ৬ জন খেলোয়াড়কে জাপানে অনুষ্ঠেয় প্যারা এসিয়ান গেমস এবং আমেরিকায় অনুষ্ঠেয় প্যারা অলিম্পিকের জন্য প্রস্তুত করার লক্ষ্যে উন্নত প্রশিক্ষণ প্রদান করার ব্যবস্থা গ্রহণ করা হয়েছে ।এই উদ্দেশ্যে সংস্থা ষ্টেট বেংক অফ ইন্ডিয়ার সঙ্গে একটি চুক্ত সাক্ষর করেছে ।এই চুক্তি অনুযায়ি রাজ্যের ৬ জন নির্বাচিত প্যারা সাঁতারুকে একবছরের জন্য অর্থাৎ ২০২৪- ২৫ অর্থবছরের অনুশীলনের সব ব্যয় ষ্টেট বেংক অফ ইন্ডিয়া বহন করবে ।চুক্তি অনুযায়ি ধুনু টাও , আনোয়ার সিকদার , কৃষ্ণ দাস , ইয়াসমিনা খাতুন , সাজিদা বেগম ও প্রীতি দাসকে অনুশীলনের জন্য নির্বাচিত করা হয়েছে ।

---------------------------------------------------------------------------------

হাইলাকান্দি জেলায় আগামী বুধবার শান্তিপূর্ণভাবে মহরম পালনের জন্য প্রশাসনের উদ্যোগে গতকাল হাইলাকান্দিতে এক সভা অনুষ্ঠিত হয় । অতিরিক্ত আয়ুক্ত অমিত পারবিসের পৌরহিত্যে অনুষ্ঠিত সভায় জেলার বিভিন্ন স্থানীয় মহরম কমিটির সদস্যরা উপস্থিত ছিলেন । সভায় মহরমের কার্যসূচি আয়োজনের জন্য কমিটিকে তাদের স্বেচ্ছাসেবকদের তালিকা জমা দিতে বলা হয় । মহরম উপলক্ষে আয়োজিত তাজিয়ার উচ্চতা যাতে বৈদ্যুতিক তারের সংস্পর্শে আসতে না পারে সেদিকে সতর্ক দৃষ্টি রাখতে বলা হয়েছে । তাজিয়ার শোভাযাত্রায় কোন ধরণের প্ররোচনামূলক শ্লোগান না দিতেও সভায় জেলা প্রশাসনের পক্ষ থেকে আহ্বান জানানো হয় । মাইক ব্যবহারের সময় শব্দ দুষণ যাতে না হয় সেজন্য ৬৫ ডেসিবেলের নিচের শব্দের মাইক ব্যবহার করতে হবে বলেও সভায় জানিয়ে দেওয়া হয় ।

---------------------------------------------------------------------------------

শিলচর সিভিল হাসপাতালের চিকিৎসাধীন রোগী ও বর্হিবিভাগের রোগীদের বিনামূল্যে সনোগ্রাফী পরিষেবা বন্ধ করে দেওয়া হয়েছে বলে অভিযোগ করে শিলচর সিভিল হাসপাতাল আধুনিকীকরণ দাবী কমিটির পক্ষ থেকে এর প্রতিবাদে আজ সিভিল হাসপাতালের সামনে বিক্ষোভ প্রদর্শন করা হয়

।বিক্ষোভ কর্মসূচীতে অংশগ্রহণ করে সংগঠনের আহ্বায়ক কমল চক্রবর্তী অভিযোগ করে বলেন যে কমিটির পক্ষ থেকে সম্প্রতি সিভিল হাসপাতালে রেডিওলজিষ্ট নিয়োগ করার দাবীতে জেলা স্বাস্থ্য বিভাগ সহ মুখ্যমন্ত্রীর কাছে স্মারকপত্র প্রেরণ করা হয়েছিল ।তবে এখনো পর্যন্ত এই ক্ষেত্রে কোন সঠিক পদক্ষেপ গ্রহণ করা হয়নি ।এছাড়া সিভিল হাসপাতালে শৈল্য , চক্ষু , অস্থি বিভাগে কোন চিকিৎসক না থাকায় ঐসব বিভাগে কোন পরিষেবা প্রদান করা হয়না বলে কমিটির পক্ষ থেকে এই বিষয়ে উপযুক্ত পদক্ষেপ গ্রহণ করার দাবী জানানো হয়। বিক্ষোভ কর্মসূচীতে নাগরিক স্বার্থরক্ষা সংগ্রাম পরিষদের সদস্য দীপঙ্কর চন্দ ,রূপম সাংস্কৃতিক সংস্থার সাধারণ সম্পাদক নিখিল পাল প্রমুখ বক্তব্য রাখেন ।

---

বরাক চা শ্রমিক ইউনিয়ন ও বরাক চা যুব কল্যাণ সমিতির যৌথ উদ্যোগে বরাক চা শ্রমিক ইউনিয়নের কার্যালয়ে আগামীকাল বেলা ১১টায় ইউনিয়নের সভাপতি কৃপানাথ মালাকে করিমগঞ্জের সাংসদ হিসেবে নির্বাচিত হওয়ায় সংবর্ধনা প্রদান করা হবে । অনুষ্ঠানে কাছাড়ের পুলিশ সুপার নুমাল মাহাত্যা মুখ্য অতিথি হিসেবে উপস্থিত থাকবেন ।

---